গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনপুর, রাজশাহী
http://mohonpur.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১.৫৩.০০০.০৮.০০১.২০১৮-৮৫(১০০)

তারিখ- ১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারী ২০১৮ খ্রিষ্টাব্দ

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোহনপুর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৫ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত এবং ক্যালেন্ডার অনুযায়ী সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে অফিস চলাকালীন সিডিউল বিক্রয়ের পূর্ব দিন পর্যন্ত এবং http://mohonpur.rajshahi.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে । দরপত্র সিডিউল নিম্নলিখিত তারিখ অনুযায়ী সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত মূল্যে ( অফেরত যোগ্য ) অফিস চলাকালিন দিনগুলিতে জেলা প্রশাসকের কার্যালয়, (স্থানীয় সরকার শাখা ) রাজশাহী, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, উপজেলা ভূমি অফিস, মোহনপুর ও সোনালী ব্যাংক, মোহনপুর শাখা,রাজশাহী হতে ক্রয় করা যাবে এবং নিম্নবর্ণিত ধার্য্য তারিখে জেলা প্রশাসকের কার্যালয়,রাজশাহী ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐদিনই বেলা ১.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | বিগত ৩ বছরের গড়মূল্যের সাথে ১০% বৃদ্ধি (ধর্তব্য মূল্য) | প্রতিসেট সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ধুরইল হাট | ১৩,০৬,৭৬৭/- | ৩,৪০০/- |
| ২. | মহব্বতপুরহাট | ৪,৯২,২৪১/- | ১,৬০০/- |
| ৩. | শ্যামপুর হাট | ৪২,১৭০/- | ৫০০/- |
| ৪. | গোছা হাট | ৬৯,৮৪৮/- | ৫০০/- |
| ৫. | মৌগাছি হাট | ২৮,০০,৬৭৬/- | ৬,৪০০/- |
| ৬. | বসন্তকেদারহাট | ১৩,৫০,১০৮/- | ৩,৪০০/- |
| ৭. | একদিলতলাহাট | ৫৯,৯১,০২৯/- | ১২,৬০০/- |
| ৮. | ধোপাঘাটা হাট | ৮,১৪,৮০৮/- | ২,৪০০/- |
| ৯. | বাকশিমইলহাট | ৪৮,৯০১/- | ৫০০/- |
| ১০. | পাকুড়িয়া হাট | ৩৮,৭৯,১৫১/- | ৮,৪০০/- |
| ১১. | কুটিবাড়ি হাট | ১৬,৩৫,৮০৭/- | ৪,০০০/- |
| ১২. | উল্লাপাড়া হাট | ৩,৪০,১২০/- | ১,৪০০/- |
| ১৩. | জাহানাবাদ হাট | ১,৬২০/- | ৫০০/- |
| ১৪. | ধোরশাহাট | ১৮,৭৭৭/- | ৫০০/- |

| বার | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম বার | ১৯/০২/২০১৮ (অফিস সময়) | ২০/০২/২০১৮ বেলা ১২.০০ ঘটিকা | ২০/০২/২০১৮ বেলা ১.০০ ঘটিকা | উল্লিখিত তারিখ অনুযায়ী দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে উক্ত কোন তারিখে কোন হাটের দরপত্র পাওয়া গেলে এবং তা অনুমোদিত হলে পরবর্তীতে সে হাটের সিডিউল বিক্রয় করা হবে না। |
| ২য় বার | ১২/৩/২০১৮ (অফিস সময়) | ১৩/৩/২০১৮ বেলা ১২.০০ ঘটিকা | ১৩/৩/২০১৮ বেলা ১.০০ ঘটিকা | |
| ৩য় বার | ২১/৩/২০১৮ (অফিস সময়) | ২২/৩/২০১৮ বেলা ১২.০০ ঘটিকা | ২২/৩/২০১৮ বেলা ১.০০ ঘটিকা | |
| ৪র্থ বার | ০৩/৪/২০১৮ (অফিস সময়) | ০৪/৪/২০১৮ বেলা ১২.০০ ঘটিকা | ০৪/৪/২০১৮ বেলা ১.০০ ঘটিকা | |
| ৫ম বার | ১১/৪/২০১৮ (অফিস সময়) | ১২/৪/২০১৮ বেলা ১২.০০ ঘটিকা | ১২/৪/২০১৮ বেলা ১.০০ ঘটিকা। | |

শর্তাবলী

০১। বাংলা ১৪২৫ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে ।

০২। দরপত্রে উদ্ধৃত দরের উপর ৩০% অর্থের ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহীর অনুকুলে জমা প্রদান করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে

০৩। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হবার পর পত্র প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে প্রস্তাবিত ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থের বিডি এবং ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর ট্রেজারি চালানে সংশ্লিষ্ট হিসাবে জমা দিয়ে চালানের কপি সহ বিডি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। অতঃপর ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে চুক্তি সম্পাদন অন্তে হাটের দখল প্রদান করা হবে। ব্যর্থতায় দাখিলকৃত দরপত্র সহ জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা প্রদান করা হবে ।

০৪। অফিস চলাকালীন সময়ে হাট-বাজার ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে ।

০৫। উল্লেখ্য যে প্রতিবারের দরপত্র দাখিলের জন্য নতুন করে সিডিউল ক্রয় পূর্বক দরপত্র দাখিল করতে হবে ।

০৬। ইজারা অনুমোদিত হওয়া পর্যন্ত উক্ত হাটের খাস আদায় চলমান থাকবে এবং খাস আদায়কৃত অর্থ পরবর্তীতে ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে ।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করবে ।

চলমান পতা নং-০২

০৮। দরপত্রের সহিত সদ্য তোলা পাসপোর্ট আকারের ০১ (এক) কপি সত্যায়িত ছবি ও ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে ।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

(আনোয়ার-উল-হালিম)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনপুর, রাজশাহী
ফোন- ০৭২২৬৫৬০০২
ই-মেইল-unomohanpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১.৫৩.০০০.০৮.০০১.২০১৮-৮৫ (১০০)

তারিখ- ১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ / ২৩ জানুয়ারী ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

০১। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০২। জেলা প্রশাসক, রাজশাহী

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী

০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), রাজশাহী

অনুলিপি অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ..............................(সকল), রাজশাহী

০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। নির্ধারিত তারিখে দরপত্র বাক্স প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো

০৮। উপজেলা নির্বাহী অফিসার .................................. (সকল), রাজশাহী

০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনপুর, রাজশাহী

১০। সহকারী কমিশনার (ভূমি), মোহনপুর, রাজশাহী

১১। উপজেলা ..........................................(সকল) কর্মকর্তা, মোহনপুর, রাজশাহী। বিজ্ঞপ্তিটি নোটিস বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হলো

১২। অফিসার ইনচার্জ, মোহনপুর থানা, রাজশাহী। ব্যাপক প্রচারের জন্য নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হলো

১৩। ব্যবস্থাপক, ................................................ মোহনপুর শাখা, মোহনপুর, রাজশাহী

১৪। মেয়র/চেয়ারম্যান, ........................................ (সকল) কেশরহাট পৌরসভা, ইউপি, মোহনপুর, রাজশাহী। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য হাটবাজারে ঢোলশহরত করার জন্য অনুরোধ করা হলো

১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ........................................ (সকল) ইউনিয়ন ভূমি অফিস, মোহনপুর, রাজশাহী। তাকে হাট-বাজারে বিজ্ঞপ্তিটি ঢোলশহরতের মাধ্যমে ব্যাপক প্রচারঅন্তেধার্য তারিখের পূর্বে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো

১৬। সম্পাদক,দৈনিক ভোরের ডাক,৪-ডি,মেহেরুবা প্লাজা,৩৩-তোপখানা রোড়, ঢাকা-১০০০/ দৈনিক সানশাইন,কাদিরগঞ্জ গ্রেটার রোড(নগর ভবনের পশ্চিমে),রাজশাহী-৬০০০/দৈনিক নতুন প্রভাত,গ্রেটার রোড,গৌরহাঙ্গা,রাজশাহী । তার পত্রিকার ভিতরের পাতায় (৪”x ৬”) স্বল্প পরিসরে একদিন প্রকাশ করতঃ পত্রিকার বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো

১৭। জনাব..............................................., পিতা- ................................................ ইজারাদার ....................................................... হাট-বাজার, মোহনপুর, রাজশাহী। তাঁকে হাট-বাজারের বিজ্ঞপ্তিটি হাটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো

১৮। নোটিস বোর্ড

(আনোয়ার-উল-হালিম)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনপুর, রাজশাহী
ফোন- ০৭২২৬৫৬০০২
ই-মেইল-unomohanpur@mopa.gov.bd